
দৈনিক ইনকিলাব

MAY 13 2002



ইনকিলাব ঃ বামে আহত ছাত্রলীগ নেতা শাহ আলম ও ডানে মিজানুর রহমান

# কোন্দল ❑ ছাত্রলীগের ৩ নেতা-কর্মী গুলীবিদ্ধ

**স্টাফ রিপোর্টার ঃ** গতকাল (রবিবার) দুপুরে হাবিবুল্লাহ বাহার কলেজে ছাত্রলীগের কর্মী সম্মেলনে আভ্যন্তরীণ কোন্দলের কারণে সংঘর্ষে তিনজন গুলীবিদ্ধ হয়েছেন। রমনা থানা পুলিশ ওই তিনজনকে গ্রেফতার করেছে। এর মধ্যে মিজানুর রহমান (২৫) ও শাহ আলম (২৪ নামের দু'জনকে পুলিশ প্রহরায় ঢাক মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি কর হয়েছে। মোঃ সাঈদ নামে একজনবে প্রাথমিক চিকিৎসার পর থানায় নেহ

৭-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## ৩ জন গুলীবিদ্ধ

**প্রথম পৃষ্ঠার পর**

হয়েছে।

পুলিশ জানায়, ছাত্রলীগের হাবিবুল্লাহ বাহার কলেজ কমিটি গঠন উপলক্ষে দুপুর ২টায় কর্মীসভা হচ্ছিল। সভায় ঢাকা মহানগরীর সভাপতি বাচ্চু, সাধারণ সম্পাদক সুব্রত, দনিয়া বিশ্ববিদ্যালয় কলেজ শাখার সভাপতি শাহ আলম ও ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার কর্মী মোঃ সাঈদ উপস্থিত ছিলেন। কলেজ শাখার সভাপতি মিজানুর রহমান ও সাধারণ সম্পাদক সোহেল শাহরিয়ারের মধ্যে কমিটি গঠন নিয়ে বিরোধ দেখা দেয়। মহানগরীর সাধারণ সম্পাদক সুব্রত সোহেলকে সভাপতি করার জন্য চাপ দেয়। মিজানুর রহমান এটা মানতে চাচ্ছিলেন না। এ নিয়ে উভয় গ্রুপের মধ্যে প্রথমে কথা কাটাকাটি ও পরে হাতাহাতি শুরু হয়। এক পর্যায়ে সুব্রতর নেতৃত্বে সোহেল গুলীবর্ষণ শুরু করে। এতে আতংক ছড়িয়ে পড়ে। কর্মীসভা পণ্ড হয়ে যায়। যে যেভাবে পারে সেভাবেই দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এরপর গুলীবিদ্ধ তিনজনকে গ্রেফতার করে চিকিৎসার জন্য হাসপাতালে নিয়ে যায়।

কলেজে থমথমে পরিস্থিতি বিরাজ করতে থাকে। সেখানে অতিরিক্ত পুলিশ প্রহরা বসানো হয়।